

আন্তর্জাতিক

ইরানে সামরিক অভিযান নয়, অর্থনৈতিক চাপ বাড়াতে চান ট্রাম্প

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইরানের বিরুদ্ধে নতুন সামরিক অভিযান চালানোর পথে আপাতত হাঁটতে চান না যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বরং তেহরানের অর্থনৈতিক সংকট আরও গভীর করে যুদ্ধাবস্থা ধরে রাখার কৌশল নিয়েছে ওয়াশিংটন।

মার্কিন সংবাদমাধ্যম এল্লিওসকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প এ কথা জানান। তিনি বলেন, আপাতত ইরানের বিরুদ্ধে নতুন সামরিক পদক্ষেপের পরিবর্তে দেশটির অর্থনৈতিক সংকট আরও গভীর হতে দেওয়ার কৌশল নিয়েছে যুক্তরাষ্ট্র।

এর মাত্র এক সপ্তাহ আগেও ইরানের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান শুরু করার কথা বলেছিলেন ট্রাম্প। তবে এবার তিনি নতুন কোনো সামরিক হুমকি দেননি।

হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজ চলাচল আবার চালুর বিষয়ে ইরান ও ওমানের মধ্যে সমঝোতা বিলম্বিত হচ্ছে। এ নিয়েও এবার প্রকাশ্যে কোনো ক্ষোভ দেখাননি ট্রাম্প।

বর্তমান পরিস্থিতি সম্পর্কে ট্রাম্প বলেন, “আমরা বিষয়টি খুব বেশি সামনে আনছি না।” তাঁর ভাষ্য, ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র আংশিকভাবে আলোচনা করছে। একই সঙ্গে তেহরানের ব্যাপক মূল্যস্ফীতি ও অর্থসংকটও পর্যবেক্ষণ করছে ওয়াশিংটন।

ট্রাম্পের দাবি, ইরানের অর্থনৈতিক পরিস্থিতি অত্যন্ত খারাপ। এমনকি দেশটির সেনাদের বেতন দেওয়ার মতো পর্যাপ্ত অর্থও নেই। তাঁর মতে, যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ ইরানের অর্থনৈতিক সংকট আরও তীব্র করেছে।

এদিকে হরমুজ প্রণালি আবার খুলে দেওয়ার বিষয়ে যুক্তরাষ্ট্র, ইরান ও ওমানের মধ্যে আলোচনা চলছে। তবে এখনো কোনো চূড়ান্ত সমঝোতা হয়নি। জাহাজ চলাচলের অনুমতি দিতে ইরান নতুন কিছু শর্তও দিয়েছে।

তবে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ৭৫ ডলারের কিছু বেশি থাকায় যুদ্ধের কারণে মার্কিন ভোক্তাদের ওপর জ্বালানি ব্যয়ের চাপ তুলনামূলকভাবে কম রয়েছে বলে দাবি করেছেন ট্রাম্প।

ইরান নিয়ে নিজের বর্তমান কৌশল ব্যাখ্যা করতে গিয়ে ট্রাম্প বলেন, “সবকিছু ঠিক হয়ে যাবে।” পরিস্থিতিতে তিনি অনেকটা দাবা খেলার সঙ্গে তুলনা করেন।

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছুঁতদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের শশস্...



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় বাস্তু ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি
করেছে সৌদি নেতৃত্ব...